বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

নং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩১০৪/২০২১/১৮৩

তারিখ: জানুয়ারি ২৯, ২০২৩

Mr. Md. Rafique
Managing Director,
Appollo Ispat Complex Limited
407, Tejgaon Industrial Area, Dhaka - 1208.

বিষয়: আদেশ।

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/৩১০৪/২০২১/১৮২ তারিখ: জানুয়ারি ২৯, ২০২৯ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

২৯.০১.২০২৩

**মোঃ আমিরুল ইসলাম**
**সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)**
টেলিফোন নাম্বার: ০১৬৮১০০৯৩৮৫
ই-মেইল: amirul@sec.gov.bd

অবগতির জন্য অনুলিপি:

১। নির্বাহী পরিচালক, এমএসআই, বিএসইসি,
২। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি,
৩। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।

নং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩১০৪/২০২১/১৮২ তারিখঃ জানুয়ারি ২৯, ২০২৩

*আদেশ*

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Appollo Ispat Comlex Limited 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, Appollo Ispat Comlex Limited উহার ৩০ জুন ২০২০ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী Securities and Exchange Rules, 2020 এর rule 14(4), মোতাবেক প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট দাখিল করতে বাধ্য যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC এর অধীন জারিকৃত সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৮/এডমিন/৮১ তারিখ ২০ জুন ২০১৮ এর ৪(১),৪(২) এবং ৪(৩) অনুচ্ছেদে উল্লিখিত শর্তানুসারে Appollo Ispat Comlex Limited উহার সেপ্টেম্বর ,২০২০, ডিসেম্বর, ২০২০ এবং মার্চ, ২০২১ এ সমাপ্ত ত্রৈ-মাসিক হিসাব বিবরণী প্রস্তুতপূর্বক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন ও স্টক এক্সচেঞ্জে দাখিল করতে বাধ্য যা পরিপালনে Appollo Ispat Comlex Limited ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ০৯ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের নং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩১০৪/২০২১/২৬৮ নম্বর স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালকগণ এবং কোম্পানি সচিবকে নির্ধারিত তারিখে উক্ত ব্যর্থতার কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়। উক্ত ব্যক্তিবর্গের পক্ষে SK. Abul Hasan, Company Secretary and Md. Mahmudur Rahman, Asst. Company Secretary শুনানীতে ২৮ ফেব্রুয়ারি, ২০২২ উপস্থিত হন এবং নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

"Reference to your letter No. BSEC/Enforcement/3104/2021/268 dated February 09,2022, on the noted subject, we inform that, due to COVID-19 Pandemic, we were facing serious Management crisis and lacked capable manpower in the company in the later part of 2020. As a result of the aforesaid crisis, preparation of Financial Statements and reports were disrupted. However, the Financial Statements for the year ended 30 June, 2020 was prepared and finalized dated 20th March 2021 but, we could not submit the same due to lacking Chairman's signature who was seriously sick at that time. Subsequently, the sad demise of the Managing Director Mr. Md. Ansar Ali on the 7th April 2021 and the Chairman Mr. Deen

মোঃ আমিরুল ইসলাম
সহকারী পরিচালক
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

Mohammad on 27 April, 2021, was great shock for all operational activities of the company were slowed down seriously. However, the company has been gradually coming out of the said crisis under the visionary and dynamic leadership of Mr. Mohammed Shoeb, S/O. Late Mr. Deen Mohammad, the Vice Chairman of the Company.

Now, we would like to prepare and submit the non-submitted Financial Statements for the year ended 30 June, 2020 and 30 June, 2021 and quarterly reports for the quarters September 31, 2020 and 2021 December 31, 2020 and 2021 and March 31, 2020 and 2021 and request to kindly allow us time to 30th June , 2022 to submit all the above note statements and reports.

We always strictly abide the Rules and Regulations issued by the Bangladesh Securities And Exchange Commission (BSEC) from date of listing in the Capital Market. Now, we are submitting herewith the audited financial statements for the period ended 30th June, 2020 for your kind perusal."

যেহেতু, Appollo Ispat Comlex Limited -এর উপরোক্ত বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, উপস্থাপিত অভিযোগসমূহ সঠিক সেহেতু এক্ষেত্রে Appollo Ispat Comlex Limited -এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Appollo Ispat Comlex Limited একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরনীসমূহ দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

20.01.2023

মোঃ আমিরুল ইসলাম
সহকারী পরিচালক
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

Bangladesh

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণের প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলেঃ

- Appollo Ispat Comlex Limited এর ব্যবস্থাপনা পরিচালক **Mr. Md. Rafique** কে ১ (এক) লক্ষ টাকা অর্থ দন্ডে দন্ডিত করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

২৩/১/২০২৩

মোঃ আবদুল হালিম
কমিশনার

বিতরণঃ

Mr. Md. Rafique
Managing Director,
Appollo Ispat Complex Limited
407, Tejgaon Industrial Area, Dhaka - 1208.

২৩.০১.২০২৩
মোঃ আমিরুল ইসলাম
সহকারী পরিচালক
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন